



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা

১৮৩/ক, শহীদ সামছুল হক সড়ক, পুলিশ লাইন, কুমিল্লা।

e-mail: cevccomilla@nbr.gov.bd, web: www.cevecomilla.gov.bd

উৎসে মূল্য সংযোজন কর (মূসক) কর্তন/আদায় সংক্রান্ত বিজ্ঞপ্তি

(২০১৬-১৭ অর্থবছরের জন্য গেজেট মোতাবেক হালনাগাদকৃত)

কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, নোয়াখালী, ফেনী এবং লক্ষ্মীপুর জেলায় নিম্নবর্ণিত ১০ ধরনের সেবা গ্রহণকারী বা মূল্য পরিশোধকারী প্রতিষ্ঠান কর্তৃক ৩৮টি সেবা খাতের বিপরীতে মূল্য সংযোজন কর (মূসক) কর্তনপূর্বক কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লার অনুকূলে ট্রেজারি চালানোর মাধ্যমে নির্দিষ্ট কোডে (১/১১৩৩/০০৪০/০৩১১) জমা করার বিধান রয়েছে।

Table with 5 main columns: 1. সর্বশ্রেষ্ঠ মূসক ধারা/বিধি এবং বোর্ডের প্রজ্ঞাপন/আদেশ; 2. উৎসে মূসক কর্তনকারী কর্তৃপক্ষ; 3. উৎসে মূসক কর্তনযোগ্য সেবার কোড, সেবাসমূহ ও কর্তনের হার; 4. যে ক্ষেত্রে উৎসে মূসক কর্তন প্রযোজ্য নয়; 5. পরিপালন বার্ষিক শাস্তি.

(অনুগ্রহপূর্বক বিপরীত পৃষ্ঠায় দেখুন)

- ২। যোগানদারঃএস,আর,ও নং ১৬৮-আইন/২০১৩/৬৭২-মূসক, তারিখঃ ০৬/০৬/২০১৩ খ্রিঃ এর S ০৩৭.০০অনুযায়ী “যোগানদার” (Procurement Provider) অর্থ কোটেশন বা দরপত্র বা অন্যবিধভাবে কলাম-০২ এ বর্ণিত প্রতিষ্ঠানের নিকট পণ্যের বিনিময়ে করযোগ্য পণ্য বা সেবা বা উভয়ই সরবরাহ করেন এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। করযোগ্য যে কোন পণ্য বা সেবা যেভাবেই ক্রয় করা হোক না কেন এমন কি খুচরা দোকান হতে নগদে বা অন্য যে কোন ভাবে ক্রয় করা হলেও এ ধরনের সকল ক্রয় যোগানদার সেবার অন্তর্ভুক্ত এবং উৎসে মূসক কর্তনযোগ্য।
- ৩। উৎসে মূসক আদায়ঃ এছাড়াও মূল্য সংযোজন কর আইন ও বিধিমালার বিধি ১৮ (ঙ) অনুযায়ী সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক আপাততঃ বলবৎ কোন আইনের অধীন-
(ক) লাইসেন্স, রেজিস্ট্রেশন, পারমিট প্রদান বা নবায়নকালে উক্তরূপ সুবিধা গ্রহণকারী ব্যক্তির নিকট হতে প্রাপ্ত সমুদয় অর্থের উপর ১৫ শতাংশ হারে উৎসে মূসক কর্তন/আদায়যোগ্য হবে;
(খ) প্রদত্ত লাইসেন্স, রেজিস্ট্রেশন, পারমিটে উল্লিখিত শর্তের আওতায় রাজস্ব বন্টন, রয়্যালিটি, কমিশন, চার্জ, ফি বা অন্য কোনভাবে প্রাপ্ত সমুদয় অর্থের উপর উক্তরূপ সুবিধা গ্রহণকারী ব্যক্তির নিকট হতে প্রাপ্ত বা প্রাপ্য পণ্য এর উপর ১৫ শতাংশ হারে উৎসে মূসক কর্তন/আদায় করতে হবে।
(গ) পানি, বিদ্যুৎ, গ্যাস এবং টেলিফোন সংযোজন প্রদানকালে সংশ্লিষ্ট সংযোগ প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক উক্তরূপ সুবিধা গ্রহণকারী ব্যক্তির নিকট হতে প্রাপ্ত সমুদয় অর্থের উপর ১৫ শতাংশ হারে উৎসে মূসক কর্তন/আদায় করতে হবে।
- ৪। উৎসে আদায়/কর্তিত মূসক জমাদানঃ উৎসে মূসক কর্তনের ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে উৎসে কর্তনকারীকে ট্রেজারী চালানোর মাধ্যমে এ কমিশনারেট এর অর্থনৈতিক কোড ১/১১৩৩/০০৪০/০৩১১ তে কর্তিত অর্থ জমা প্রদান করতে হবে। কর্তিত মূসক জমা প্রদানের অনধিক ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে অর্থবছর ভিত্তিক সংখ্যানুক্রমিক ‘মূসক-১২খ’ ফরমে তিন কপি প্রত্যয়নপত্র প্রস্তুত বা জারী করতে হবে। প্রত্যয়নপত্র (ট্রেজারী চালানোর মূল কপিসহ) উৎসে মূসক কর্তনকারীর সংশ্লিষ্ট সার্কেলে এবং প্রত্যয়নপত্রের অনুলিপি (ট্রেজারী চালানোর সত্যায়িত আলোকলিপিসহ) সেবা সরবরাহকারী বরাবর প্রেরণ করতে হবে। উৎসে কর্তনকারীকে প্রত্যয়নপত্রের একটি অনুলিপি ৬ (ছয়) বছর সংরক্ষণ করতে হবে।
- ৫। স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারীঃ কলাম-২ এ বর্ণিত প্রতিষ্ঠান/সংস্থা কর্তৃক সেবার কোড এস ০৭৪.০০ অর্থাৎ “স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারী” সেবার ক্ষেত্রে মোট প্রদেয় ভাড়ার উপর ১৫% হারে মূসক ১/১১৩৩/০০৪০/০৩১১ কোডে সরকারী কোষাগারে জমা প্রদান করতে হবে। “স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারী” সেবার উপর মূসক যা সহজ ভাষায় আমরা বাড়ি ভাড়া বা অন্য কোনো স্থান ও স্থাপনা ভাড়ার উপর মূসক বলে বুঝে থাকি, তা ভাড়া গ্রহণকারী কর্তৃক প্রদেয় মূসক। উহা উৎসে কর্তন নয়। ভাড়া গ্রহণকারী নিজের মূসক নিজেই প্রদান করেন।

মূসক সংক্রান্ত যে কোন তথ্যের জন্য যোগাযোগঃ সদর দপ্তরঃ ফোনঃ ০৮১-৬৯২৯১, ০৮১-৭৬৭৬০, ই-মেইলঃ cevccomilla@nbr.gov.bd,কুমিল্লা বিভাগঃ ফোনঃ ০৮১-৬৩৪৭৭, ই-মেইলঃ vat_comilla@yahoo.com, ফেণী বিভাগঃফোনঃ ০৩৩১-৭৪১৪১ই-মেইলঃohq_rashel@yahoo.com, নোয়াখালী বিভাগঃফোনঃ ০৩২১-৬৩৪৭৭,ই-মেইলঃ noakhalidivision@gmail.com, লক্ষ্মীপুর বিভাগঃ ফোনঃ ০৩৮১-৫৫১৪৭,ই-মেইলঃ laxmipurvat@gmail.com, চাঁদপুর বিভাগঃফোনঃ ০৮৪১-৬৭০৬৭,ই-মেইলঃcustoms3901@gmail.com,ব্রাহ্মণবাড়িয়া বিভাগঃ ফোনঃ ০৮৫১-৬২০৩২, ই-মেইলঃ bbvatdivision2011@yahoo.com

০১ জুলাই, ২০১৬

কমিশনার
কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা